# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ সূরা বাকারাহকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উটের কুঁজের সাথে তুলনা করেছেন

## ذِكْرُ تَمْثِيلِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُورَةَ الْبَقَرَةِ مِنَ الْقُرْآنِ بِالسَّنَامِ مِنَ الْبَعِيرِ

আরবী

777 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا الْأَزْرَقُ بْنُ عَلِيِّ بْنِ جَهْمٍ حَدَّثَنَا حَسَّانُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا خَالِدُ بْنُ سَعِيدٍ الْمَدَنِيُّ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ لِكُلِّ شَيْءٍ سَنَامًا وَإِنَّ سَنَامَ الْقُرْآنِ سُورَةُ الْبَقَرَةِ مَنْ قَرَأَهَا فِي بَيْتِهِ لَيْلًا لَمْ يَدْخُلِ الشَّيْطَانُ بَيْتَهُ ثَلَاثَ لَيَالٍ وَمَنْ قَرَأَهَا نَهَارًا لَمْ يَدْخُلِ الشَّيْطَانُ بَيْتَهُ ثلاثة أيام)
قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (لَمْ يَدْخُلِ الشَّيْطَانُ بَيْتَهُ ثَلَاثَةَ أَيَّامٍ) أَرَادَ بِهِ مَرَدَةَ الشَّيَاطِينِ دُونَ غَيْرِهِمْ.

الراوي : سَهْلِ بْنِ سَعْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 777 | خلاصة حكم المحدث: صحيح ـ دون ((ثلاثة ليال ... ))

বাংলা

৭৭৭. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “প্রত্যেকটি জিনিসের একটি সর্বোচ্চ চূড়া রয়েছে, আর কুর'আনের চূড়া হলো সূরা বাকারাহ। যে ব্যক্তি এই সূরা বাড়িতে রাতে পাঠ করবে, শয়তান সেই বাড়িতে প্রবেশ করবে না তিন রাত পর্যন্ত। আর যে ব্যক্তি এই সূরা বাড়িতে দিনে পাঠ করবে, তিন দিন পর্যন্ত শয়তান সেই বাড়িতে প্রবেশ করবে না।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য “তিন দিন পর্যন্ত শয়তান সেই বাড়িতে প্রবেশ করবে না।” এর দ্বারা উদ্দেশ্য হলো ‘অবাধ্য-বিদ্রোহী শয়তান; অন্যরা নয়।”

## ফুটনোট

[1] তাবারানী, আল কাবীর: ৫৮৬৪; মাজমা‘উয যাওয়াইদ: ৬/৩১২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে “তিন রাত পর্যন্ত...” অংশ ব্যতীত সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫৮৮।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89280

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন